



প্রফেসর আব্দুর রব খানের নর্থ সাউথ ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত ভিসি হিসেবে দায়িত্ব গ্রহণ

স্টাফ রিপোর্টার : নর্থ সাউথ ইউনিভার্সিটির গত ২৮ আগস্ট জরুরি বোর্ড মিটিং সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রফেসর আব্দুর রব খান, কোষাধ্যক্ষকে ভারপ্রাপ্ত ভিসি হিসেবে দায়িত্বভার অর্পণ করেছেন নর্থ সাউথ ইউনিভার্সিটি ট্রাস্টি বোর্ড।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মুখে বিগত ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের পর ৬ আগস্ট দুপুর থেকে শেখ কামালের বন্ধু পরিচয় দানকারী ও সাবেক ছাত্রলীগ নেতা ভিসি প্রফেসর আতিকুল ইসলাম পলাতক রয়েছেন। এমনকি নর্থ সাউথ ইউনিভার্সিটি হতে প্রদত্ত বাড়িতেও অবস্থান করছেন না। এছাড়াও ছাত্র আন্দোলনের বিরোধিতা করার কারণে ছাত্রদের একটি বড় অংশ দীর্ঘদিন যাবত উনার পদত্যাগের দাবিতে অনড়। এমতাবস্থায় নর্থ সাউথ ইউনিভার্সিটিতে এক ধরনের অচল অবস্থা সৃষ্টি হয়েছে। বিশেষ করে প্রতিষ্ঠানের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। এই চ্যালেঞ্জিং পরিস্থিতিতে ভিসির অনুপস্থিতি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমের ধারাবাহিকতা নিয়ে বোর্ড উল্লেখযোগ্য উদ্বেগ প্রকাশ করেছেন। প্রফেসর আব্দুর রব খানকে পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত তার বর্তমান ভূমিকা ছাড়াও ভিসি ভারপ্রাপ্ত হিসেবে দায়িত্ব পালন করবেন। আব্দুর রবের ভারপ্রাপ্ত দায়িত্ব গ্রহণ পরবর্তী বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম ফিরেছে এবং বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম খুব শীঘ্রই চালু হতে যাচ্ছে। যা সর্বসম্মতিক্রমে ট্রাস্টি বোর্ড কর্তৃক গৃহীত ও অনুমোদিত হয়।